



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রশাসন বিভাগ
স্বাধীনতা ভবন

৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(www.bffwt.gov.bd)



২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) জুলাই-নভেম্বর'২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : এস এম মাহবুবুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

সভার তারিখ ও সময় : ১৪ ডিসেম্বর, ২০২১ খ্রি:, বেলা ১২.০০ ঘটিকা।

সভার স্থান : সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

সভায় এপিএ বাস্তবায়ন টিমের নিম্নোক্ত সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন :

- (১) ড.মোঃ জাহেদুল হাসান, পরিচালক (শিল্প ও বাণিজ্য), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (২) তরফদার মোঃ আক্তার জামীল, সচিব (উপসচিব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৩) জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৪) জনাব মোঃ ছালেহ আহাম্মদ, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৫) জনাব আবুল কালাম আজাদ, উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৬) জনাব মোঃ খোরশেদ আলম, উপ-মহাব্যবস্থাপক (শিল্প ও বাণিজ্য), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৭) জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম, সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৮) শেখ গোলাম সরোয়ার, সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- (৯) জনাব মোঃ বিল্লাল হোসেন, সহকারী গ্রেড-১ কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর জুলাই হতে নভেম্বর, ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য ট্রাস্টের সচিব (উপসচিব) কে অনুরোধ জানান। অতঃপর সচিব জুলাই-নভেম্বর, ২০২১ সময়ের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	[১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর জুলাই-নভেম্বর, ২০২১ মাসের অগ্রগতি পর্যালোচনা।	[১.১] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদানের জন্য ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে ১১,০০০। তন্মধ্যে নভেম্বর'২০২১ মাসে ১০,৬১৩ জনকে রাষ্ট্রীয় সম্মানি ভাতা প্রদান করা হয়েছে। দুত লক্ষ্যমাত্রা অর্জন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।	দুত লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[১.২] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা ২৫,০০০ জনের বিপরীতে নভেম্বর, ২০২১ মাস পর্যন্ত অর্জন মাত্র ৭,৫৭০। সভাপতির এক প্রশ্নের জবাবে এপিএ বাস্তবায়ন টিমের সদস্য উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) সভাকে জানান যে, রেশন কার্ডের মেয়াদ ১৬ মাস। এপিএ অর্জনের সময় ১২ মাস ফলে অতিরিক্ত ৪ মাস অতিক্রান্ত হওয়ার পর রেশনকার্ড নবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	রেশন কার্ডের মেয়াদ উত্তীর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে কার্ড নবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[১.৩] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের উন্নতমানের আইডি কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা ৩০, নভেম্বর' ২০২১ মাস পর্যন্ত অর্জন শূন্য। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) সভাকে অবহিত করেন যে, আইডি কার্ড পাওয়ার জন্য এখনো কোনো আবেদন পাওয়া যায়নি। সভাপতি বলেন, আইডি কার্ডের সুবিধার বিষয়টি সংশ্লিষ্টদের অবহিত করতে হবে। যাতে এ সেবা পাওয়ার জন্য বীর মুক্তিযোদ্ধাগণ উদ্বুদ্ধ হন।	আইডি কার্ডের সুবিধার বিষয়ে বীর মুক্তিযোদ্ধাগণকে অবহিত করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[১.৪] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা ২৫০ জন। নভেম্বর, ২০২১ মাস পর্যন্ত ২৫০ জনকে চিকিৎসা সুবিধা প্রদান করার মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জন সম্পন্ন হয়েছে। যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয়। সভাপতি বলেন, চিকিৎসা সুবিধা প্রদান অব্যাহত রাখতে হবে।	চিকিৎসা সুবিধা প্রদান অব্যাহত রাখতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[১.৫.১] নির্ধারিত তারিখে ঈদুল ফিতর ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদান। সচিব বলেন, ঈদুল ফিতর ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ১৫-০৩-২০২২খ্রি:। সভাপতি বলেন, লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে ঈদুল ফিতর ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদান করতে হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে ঈদুল ফিতর ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদান করতে হবে।	উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
		[১.৫.২] নির্ধারিত তারিখে ঈদুল আযহা ও অন্যান্য ধর্মাবলম্বীদের উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ০৮-০৭-২০২১খ্রি: তারিখ। সচিব বলেন, এ বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৮-০৭-২০২১খ্রি: তারিখ যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ পরিবারের সদস্যদের উৎসব বোনাস প্রদান করা হয়েছে। সভাপতি বলেন, এ বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	ফোকাল পয়েন্ট (এপিএ)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[১.৬] যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধার সন্তানদের শিক্ষা অনুদান প্রদানের লক্ষ্যমাত্রা ২০ জন। নভেম্বর'২০২১ মাস পর্যন্ত মাত্র ০৫ জনকে শিক্ষা অনুদান প্রদান করা হয়েছে। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
২.	[২] ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ	[২.১.১] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ টাওয়ার-৭১ এর দুইটি ফ্লোর ভাড়া প্রদানের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার লক্ষ্য মাত্রা ২১-০৪-২০২২।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.১.২] টাওয়ার-৭১ এর দুইটি ফ্লোর ভাড়া প্রদানের জন্য নির্ধারিত সময়ে ভাড়াচুক্তি সম্পাদন করার লক্ষ্য মাত্রা ২১-০৬-২০২২।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.২.১] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ জয় বাংলা বাণিজ্যিক ভবনের দুইটি ফ্লোর ভাড়া প্রদান করার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করার লক্ষ্য মাত্রা ২১-০৪-২০২২। সভায় জানানো হয়, জয় বাংলা বাণিজ্যিক ভবনের ২৪ তলার ২৫০০ বর্গফুট স্পেস ইতোমধ্যে ভাড়া প্রদান করা হয়েছে।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.২.২] জয়বাংলা বাণিজ্যিক ভবনের দুইটি ফ্লোর ভাড়া প্রদানের জন্য নির্ধারিত সময়ে ভাড়াচুক্তি সম্পাদন করার লক্ষ্য মাত্রা ২১-০৬-২০২২।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৩.১] ট্রাস্ট মালিকানাধীন চট্টগ্রামস্থ বাক্সলি ওয়ারহাউস (৩য় ধাপ) নির্মাণকাজ সম্পন্নকরণের লক্ষ্যমাত্রা ৬০%। সহকারী প্রধান প্রকৌশলী বলেন, নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৪.১] ট্রাস্ট প্রধান কার্যালয়ে পরিত্যক্ত ও পুরাতন মালামাল বিক্রিকরণের লক্ষ্যমাত্রা ২০-০১-২০২২ খ্রি: তারিখ।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৫] পূর্ণিমা ফিলিং এন্ড সার্ভিস স্টেশন আধুনিকায়নের লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২ খ্রি: তারিখ।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৬] ঢাকার হাটখোলাস্থ স্কুল বাড়ির জমিতে ভবন নির্মাণের জন্য নকশা প্রস্তুতকরণের লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২খ্রি:।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী




ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ক্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[২.৭] ঢাকার মোহাম্মদপুরস্থ ১/৬ গজনবি রোডের প্লটে ভবন নির্মাণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২খ্রি:। সভায় জানানো হয়, এ বিষয়ে ১৬-০৬-২০২১খ্রি: তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং পরবর্তীতে ০৯-০৮-২০২১খ্রি: তারিখে পুন: বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অর্জন হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৮] চট্টগ্রামস্থ দেলোয়ার পিকচার্স লিঃ এর জায়গায় বহুতল ভবন নির্মাণের জন্য পত্রিকায় পুনঃবিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা ৩০-১২-২০২১খ্রি:। সহকারী প্রধান প্রকৌশলী জনাব মোঃ সাজ্জাদুল ইসলাম জানান, গত ১৯-০৮-২০২১খ্রি: তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকা ও অবজারভার পত্রিকায় পুনঃবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অর্জন হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
		[২.৯] ঢাকার হাটখোলাস্থ অফিস বাড়ির জায়গা ভবন নির্মাণের জন্য ডেভেলপারের নিকট জমি হস্তান্তর করার লক্ষ্যমাত্রা ২৮-০৪-২০২২খ্রি:।	নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	সহকারী প্রধান প্রকৌশলী
৩.	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।	[৩.১] সাংগঠনিক কাঠামোর শূন্যপদে জনবল নিয়োগ প্রদানের লক্ষ্যমাত্রা ৩০-১২-২০২১খ্রি: তারিখ। এ বিষয়ে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ৮টি পদে ৯ জন নিয়োগের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাছাই কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রার্থীদের নিয়োগ পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ০৮-০১-২০২২খ্রি: তারিখ। সভাপতি বলেন, দ্রুত সময়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সকল নিয়ম-কানুন পালন করে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.২] কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি প্রদানের লক্ষ্যমাত্রা ০১-০৬-২০২২খ্রি: তারিখ। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, কর্মচারীদের পদোন্নতির বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সভাপতি বলেন, কর্মচারীদের পদোন্নতির বিষয়টি দ্রুত সম্পন্ন করতে হবে।	কর্মচারীদের পদোন্নতির বিষয়টি দ্রুত সম্পন্ন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যমাত্রা ৩১-০৩-২০২২। ফোকাল পয়েন্ট বলেন, এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে। সভাপতি বলেন, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত ত্রিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।	অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত ত্রিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে।	উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা



ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা (এপিএ ফ্রমানুসারে)	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		[৩.২] পেপারবিহীন দপ্তর বিনির্মাণে আইটি প্রশিক্ষিত জনবল সৃষ্টির নিমিত্ত স্থায়ী প্রশিক্ষণ পুল গঠনের লক্ষ্যমাত্রা ৩১-০১-২০২২ খ্রি: তারিখ। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন ১৩-০৯-২০২১খ্রি: তারিখে প্রশিক্ষণ পুল গঠন করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.৩] বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সেবা সপ্তাহ পালনের লক্ষ্যমাত্রা ৩১-০১-২০২২খ্রি: তারিখ। ট্রাস্টের সচিব সভাকে অবহিত করেন যে, জানুয়ারি ২০২২ খ্রি: তারিখের মধ্যে ট্রাস্টের সেবা সপ্তাহ পালনের ব্যবস্থা করা হবে।	জানুয়ারি ২০২২ খ্রি: তারিখের মধ্যে ট্রাস্টের সেবা সপ্তাহ পালনের ব্যবস্থা করা হবে।	উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
		[৩.৪] রূপকল্প, ২০৪১ বাস্তবায়নে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক গৃহিত ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ৪০%। সভাপতি বলেন, যেসকল বিষয়ের ওপর ভিত্তি করে ডিজিটাল রোডম্যাপ নির্ধারণ হবে তা চিহ্নিত করতে হবে। অতঃপর তদানুযায়ী কার্যক্রম শুরু করতে হবে। যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সেবা সহজিকরণের জন্য ইতোমধ্যে সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। আরো একটি সফটওয়্যার প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এগুলোই ডিজিটাল রোডম্যাপ বাস্তবায়নের অংশ।	যে সকল বিষয়ের ওপর ভিত্তি করে ডিজিটাল রোডম্যাপ নির্ধারণ হবে তা চিহ্নিত করতে হবে।	১. উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ২. সহকারী প্রধান প্রকৌশলী ৩. সহকারী প্রোগ্রামার
৪.	[৪] মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চ শিক্ষায় সহায়তা প্রদান	[৪.১] বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা ২,৯০০ জন। নভেম্বর ২০২১ পর্যন্ত ২৩০০ জনকে বৃত্তি প্রদান করা হয়েছে। উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) বলেন, নির্দিষ্ট সময়ে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	নির্দিষ্ট সময়ে লক্ষ্যমাত্রা অর্জন সম্পন্ন করতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)
		[৪.২] ২ জন গবেষককে বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। সভায় জানানো হয়, নভেম্বর, ২০২১ পর্যন্ত ০১ জনকে পিএইচডি বৃত্তি প্রদান করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্দিষ্ট সময়ের মধ্যে আরও ০১ জনকে বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে শিক্ষাবৃত্তি প্রদান করা সম্ভব হবে।	নির্দিষ্ট সময়ে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ)



আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এস এম মাহবুবুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ফোনঃ ২২৩৩৮১৮১৩

ই-মেইলঃ mdbffwt@yahoo.com

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১৮.০০৯.২১.০৬৬৫

তারিখঃ ০৪ পৌষ ১৪২৮ বঃ
১৯ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

বিতরণ:

১. উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২. উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩. সহকারী প্রধান প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৫. জনাব মোঃ বিল্লাল হোসেন, সহকারী গ্রেড-১ কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

অনুলিপি- সদয় অবগতির জন্য:

১. পরিচালক (অর্থ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৪. অফিস কপি।



(মোঃ ছালেহ আহম্মদ)

উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

ও

ফোকাল পয়েন্ট, এপিএ